Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 10 April, 2025

বাংলা নববর্ষ ও চৈত্র সংক্রান্তি উপলক্ষ্যে দেশের সব মাদরাসায় দুই দিনব্যাপী উৎসব আয়োজনের নির্দেশ দিয়েছে মাদরাসা শিক্ষা অধিদপ্তর।

বুধবার (৯ এপ্রিল) প্রকাশিত অফিস আদেশে বলা হয়েছে, মাদরাসাগুলোকে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে এবং সাড়ম্বরে অনুষ্ঠান আয়োজন করতে হবে।

এতে আরও বলা হয়, জাতীয় চৈত্র সংক্রান্তি, বাংলা নববর্ষ ও বিভিন্ন জাতিগোষ্ঠীর নববর্ষ উদযাপন করার লক্ষ্যে এই উৎসবের আয়োজন করতে হবে।

এর আগে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকেও বাংলা নববর্ষ উদযাপনের নির্দেশনা দেওয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় নববর্ষ শিক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:11

URL: https://timestodaybd.com/public/national/726423540